একদিনে ভারতে লক্ষাধিক করোনা আক্রান্ত

সব রেকর্ড ভেঙে ভারতে একদিনে ১ লাখের বেশি করোনা আক্রান্ত কোভিড-১৯ এ বিপর্যস্ত ভারত। দেশটিতে একদিনেই ১ লাখের বেশি নতুন করোনা রোগী শনাক্ত হয়েছেন, যা এ যাবৎকালে দেশটিতে সর্বোচ্চ সংক্রমণের রেকর্ড। এটি ২৪ ঘণ্টায় বিশ্বে সর্বোচ্চ আক্রান্তের রেকর্ডও। খবর এনডিটিভির।

ভারতের স্বাস্থ্য মন্ত্রণালয়ের বরাত দিয়ে দেশটির গণমাধ্যমের খবরে বলা হয়েছে, গত ২৪ ঘণ্টায় দেশটিতে নতুন করোনা রোগী শনাক্ত হয়েছেন ১ লাখ ৩ হাজার ৫৫৮ জন। এক বছরের বেশি সময় ধরে দেশটিতে করোনা ঝড় শুরু হওয়ার পর থেকে এটিই সর্বোচ্চ সংক্রমণ।
সবচেয়ে বাজে অবস্থা মহারাষ্ট্রে। অঙ্গরাজ্যটিতে রোববারই ৫৭ হাজার ৭৪ জন আক্রান্ত হয়েছেন। মোট সংক্রমণ বেড়ে দাড়িয়েছে ২৯ লাখ। রাজ্যটিতে লকডাউন চলছে।

ভারতের বাণিজ্যিক রাজধানী মুম্বাইতে একদিনের হিসেবে সর্বোচ্চ সংক্রমণ ধরা পড়েছে রোববার। ১১ হাজার ১৬৩ জন আক্রান্ত হয়েছেন এদিন।

নতুন লক্ষাধিক সংক্রমণ নিয়ে দেশটিতে মোট শনাক্ত রোগীর সংখ্যা বেড়ে দাড়িয়েছে ১ কোটি ২৫ লাখ ৮৯ হাজার ৬৭ জন।

ওয়ার্ল্ডো মিটারের সোমবার সকালের পরিসংখ্যান অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় ভারতে ১ লাখ ৩ হাজার ৭৯৩ জনের করোনা শনাক্ত হয়েছে। একই সময়ে মারা গেছেন ৪৭৭ জন। এখন পর্যন্ত মারা গেছেন ১ লাখ ৬৫ হাজার ১৩২ জন।

করোনার দ্বিতীয় ঢেউ ভারত প্রকট আকার ধারণ করতে পারে এমন আশঙ্কা জানিয়ে আসছিলেন বিশেষজ্ঞরা। এ জন্য করোনার নতুন ধরনকে দায়ী করছেন তারা।

ফ্রান্সে গত ২৪ ঘণ্টায় প্রায় ৬১ হাজারের করোনা শনাক্ত হয়েছে যা একই সময়ে বিশ্বে দ্বিতীয় সর্বোচ্চ। এই সময় মারা গেছেন ১৮৫ জন।

এদিকে করোনার বৈশ্বিক সংক্রমণ ১৩ কোটি ১৯ লাখ ১০ হাজার ছাড়িয়ে

গেছে। এখন পর্যন্ত মারা গেছে প্রায় ২৮ লাখ ৬৬ হাজার জন। সুস্থ হয়ে উঠেছেন প্রায় ১০ কোটি ৬১ লাখ।

২০১৯ সালের ডিসেম্বরে চীনের উহানে প্রথম করোনা রোগী ধরা পড়ে। এটি বর্তমানে বিশ্বের ২১৩ টি দেশ ও অঞ্চলে ছড়িয়ে পড়েছে। করোনাকে বৈশ্বিক মহামারি ঘোষণা করেছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা।

দেশের ইতিহাসে সর্বোচ্চ শনাক্তের দিনে মৃত্যু ৫৩

দেশে করোনায় মৃত্যু ও সংক্রমণ শনাক্তের ঊর্ধ্বগতি আজও অব্যাহত আছে। গত ২৪ ঘণ্টায় ৭ হাজার ৮৭ জনের শরীরে করোনা শনাক্ত হয়েছে। আর গত চব্বিশ ঘণ্টায় মৃত্যু হয়েছে ৫৩ জনের। দেশে এ নিয়ে মোট মৃতের সংখ্যা দাঁড়ালো ৯ হাজার ২৬৬ জনে। একই সময়ে মোট শনাক্তের সংখ্যা দাঁড়িয়েছে ৬ লাখ ৩৭ হাজার ৩৬৪ জনে। একদিনে মোট নমুনা পরীক্ষা করা হয়েছে ৩০ হাজার ৭২৪ জনের। ২৪ ঘণ্টায় শনাক্তের হার ২৩.৭ শতাংশ।

রোববার স্বাস্থ্য অধিদপ্তরের নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

এতে জানানো হয়েছে, গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ২ হাজার ৭০৭ জন। এখন পর্যন্ত মোট সুস্থের সংখ্যা ৫ লাখ ৫২ হাজার ৪৮২।

এখন পর্যন্ত মোট নমুনা পরীক্ষা করা হয়েছে ৮৭ লাখ ৮৩ হাজার ৩৮৫টি। মোট পরীক্ষার তুলনায় শনাক্তের হার ১৩ দশমিক ৩২ শতাংশ

টিকা নেওয়ার ২ মাস পর করোনায় আক্রান্ত এমপি চুমকি

ভ্যাকসিন নেওয়ার এক মাস ২২ দিন পর বাংলাদেশ আওয়ামী লীগের মহিলাবিষয়ক সম্পাদক ও গাজীপুর-৫ আসনের সংসদ সদস্য মেহের আফরোজ চুমকি করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন। তবে তার শারীরিক অবস্থা ভালো রয়েছে।

রোববার সকালে মেহের আফরোজ চুমকির করোনা পজিটিভ রিপোর্ট আসে।

সত্যতা নিশ্চিত করেছেন কালীগঞ্জ উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এইচএম আবু বকর চৌধুরী এবং কালীগঞ্জ পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক কামরুল ইসলাম।

সংসদ সদস্য মেহের আফরোজ চুমকি মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতির দায়িত্বেও রয়েছেন।

জানা যায়, গত ৭ ফেব্রুয়ারি সারা দেশে একযোগে করোনার টিকাদান কর্মসূচির শুরু হয়। প্রথম দিনই কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিজের শরীরে করোনা ভ্যাকসিন গ্রহণের মাধ্যমে কালীগঞ্জ উপজেলায় টিকাদান কার্যক্রমের উদ্বোধন করেছিলেন মেহের আফরোজ চুমকি।

কালীগঞ্জ উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এইচএম আবুবকর চৌধুরী এবং কালীগঞ্জ পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক কামরুল ইসলাম বলেন, সংসদ সদস্য মেহের আফরোজ চুমকির করোনার কোনো উপসর্গ ছিল না।

৪ এপ্রিল সংসদ অধিবেশনে যোগ দেওয়ার উদ্দেশ্যে শনিবার সকালে ঢাকায় সংসদ সচিবালয় চিকিৎসাকেন্দ্রে করোনা পরীক্ষার জন্য নমুনা দেন তিনি। পরে তার করোনা পজিটিভ রিপোর্ট আসে।

এর পর থেকে তিনি ঢাকায় তার বাসায় আইসোলেশনে রয়েছেন। মেহের আফরোজ চুমকি সুস্থ আছেন। তিনি সবার কাছে দোয়া চেয়েছেন।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার-পরিকল্পনা কর্মকর্তা মো. মিনহাজ উদ্দিন মিয়া বলেন, গত ৭ ফেব্রুয়ারি সারা দেশে একযোগে করোনার টিকাদান কর্মসূচি শুরু হয়। প্রথম দিনই মেহের আফরোজ চুমকি উপজেলা

স্বাস্থ্য কমপ্লেক্সে করোনা ভ্যাকসিন গ্রহণের মাধ্যমে কালীগঞ্জ উপজেলায় টিকাদান কার্যক্রমের উদ্বোধন করেছিলেন।

তিনি বলেন, এ পর্যন্ত কালীগঞ্জের চার হাজার ৮৬৭ জনের নমুনা সংগ্রহ ও পরীক্ষা করা হয়েছে। এর মধ্যে কোভিড-১৯ শনাক্ত হয়েছেন ৬৩১ জন এবং সুস্থ হয়েছেন ৫৭৫ জন। কোভিড-১৯ শনাক্ত হয়ে এবং মৃত্যুর পর পরীক্ষায় শনাক্ত হয়েছে ১৭ জনের।

এ ছাড়া কালীগঞ্জে এ পর্যন্ত ১০ হাজার ২০০ জনকে করোনার ভ্যাকসিন দেওয়া হয়েছে বলেও জানান তিনি।

গাংনীতে করোনাভাইরাস প্রতিরোধে স্বেচ্ছাসেবী কমিটি গঠন

করোনাভাইরাস সংক্রমণরোধে সামাজিক দূরত্ব নিশ্চিত করার জন্য স্বেচ্ছাসেবী কমিটি গঠন করেছে মেহেরপুরের গাংনী পৌরসভা। এছাড়াও পথচারীদের মাঝে মাস্ক বিতরণ, সড়কে ব্লিসিং পাউডার ছিটানো ও জনসচেতনতা সৃষ্টির কাজ করছে গাংনী পৌরসভা।
রোববার সকাল দশটার দিকে গাংনী বাস স্ট্যান্ড এলাকায় পথচারীদের মাঝে বিনামূল্যে মাস্ক বিতরণ করেন গাংনী পৌর মেয়র আহম্মেদ আলী, কাউন্সিলর ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। করোনাভাইরাস মোকাবেলায় সবাইকে স্বাস্থ্যবিধি মেনে চলার আহবান জানান মেয়র আহম্মেদ আলী।

লকডাউনে যাত্রীবাহী সব ট্রেন

চলাচল বন্ধ

প্রাণঘাতী করোনাভাইরাসের সংক্রমণ পরিস্থিতি ক্রমাগত অবনতি হওয়ায় আগামী সোমবার থেকে এক সপ্তাহের জন্য সারা দেশে লকডাউন দিচ্ছে সরকার। লকডাউনে মালবাহী ছাড়া যাত্রীবাহী সব ট্রেন চলাচল বন্ধ থাকবে বলে জানিয়েছেন রেলমন্ত্রী নুরুল ইসলাম সুজন।

হঠাৎ করোনা সংক্রমণ ও মৃত্যুর ঊর্ধ্বগতি কারণে গত চার দিন ধরে ১০৪টি আন্তঃনগর ট্রেনসহ সক যাত্রীবাহী ট্রেনে ৫০ শতাংশ যাত্রী চলাচল করছে। কাউন্টার ও অনলাইনে ৫০ শতাংশ টিকিট বিক্রি হচ্ছে।

শনিবার বিকালে রেলমন্ত্রী যুগান্তরকে বলেন, লকডাউনে পূর্বের মতো সব যাত্রীবাহী ট্রেন চলাচল বন্ধ থাকবে। কোনো যাত্রীবাহী ট্রেন চলাচল করবে না। তবে মালবাহী ট্রেন চলাচল করবে। বিশেষ পরিস্থিতিতে শুধুমাত্র ত্রাণ কিংবা যে কোনো দুর্যোগ মোকাবিলায় বিশেষ ট্রেন চালানো হবে। এ জন্য বিশেষ ট্রেন প্রস্তুত রাখা হবে।

এর আগে সকালে সেতুমন্ত্রী ওবায়দুল কাদের জানান, মহামারি সামাল দিতে আবারও ‘লকডাউনের’ ঘোষণা আসছে। তিনি বলেছেন, করোনাভাইরাসের সংক্রমণ বৃদ্ধি পাওয়ায় সোমবার থেকে সারা দেশে এক সপ্তাহের জন্য লকডাউনের সিদ্ধান্ত নিয়েছে সরকার।

অপরদিকে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন জানিয়েছেন, শিল্প কারখানা খোলা রেখে সোমবার কিংবা মঙ্গলবার থেকে সারা দেশে একযোগে লকডাউন দেওয়ার বিষয়ে কাজ চলছে। সন্ধ্যায় এ বিষয়ে প্রজ্ঞাপন জারি করা হতে পারে বলেও জানান তিনি।

ভ্রাম্যমান আদালতে জরিমানার ও মাস্ক বিতরণ

ঝিনাইদহে করোনা ভাইরাসের সংক্রমণ রোধে ভ্রাম্যমান আদালত অভিযান পরিচালনা করে। শনবিার সকাল ১০ টা থেকে দুপুর পর্যন্ত শহরের পায়রা

চত্তর, পোস্ট অফিস মোড়, প্রেরনা একাত্তর এলাকায় অভিযান চালিয়ে মাস্ক ব্যবহার না করা, সামাজিক দুরত্ব না মানাসহ নানা অপরাধে ১৭ জনকে ১০০ টাকা ও ৫০ টাকা করে জরিমানা করা হয়। পাশাপাশি মাস্কও বিতরণ করা হয়। ভ্রাম্যমান আদারতের বিচারক ও নির্বাহী ম্যাজিস্ট্রেট হেদায়েত উল্লাহ জানান, করোনা ভাইরাসের সংক্রমণ রোধে সরকারের নির্দেশনা বাস্তবায়নে ভ্রাম্যমান আদালতের অভিযান পরিচালনা করছি। অভিযানকালে স্বাস্থ বিধি মানতে মানুষকে সচেতন করা হচ্ছে।

ঝিনাইদহে নতুন করে ১২ জন করোনা আক্রান্ত

গত ২৪ ঘন্টায় ঝিনাইদহ নতুন করে আক্রান্ত হয়েছেন ১২ জন। জানা যায়, ২৪ টি নমুনার ফলাফল এসেছে এর মধ্যে ১২ জনের করোনা পজেটিভ।
গতকাল শুক্রবার সিভিল সার্জন সূত্রে জানাযায়, আক্রান্ত ১২ জনের মধ্যে ঝিনাইদহ সদর সদরে-২, শৈলকূপা -১, কোটচাঁদপুর -৭,মহেশপরে-২ জন আক্রান্ত। ২ টির ফলাফল পরে এসেছে ফলে ১০+ ২= ১২ জন আক্রান্ত।

সুত্রঃ সিভিল সার্জন ঝিনাইদহ

৫ এপ্রিল থেকে সারাদেশে লকডাউন ঘোষণা

করোনাভাইরাসের সংক্রমণ বেড়ে যাওয়ায় ফের লকডাউনে যাচ্ছে পুরো দেশ।

আগামী ৫ এপ্রিল থেকে এক সপ্তাহের লকডাউন ঘোষণা করতে যাচ্ছে সরকার।

শনিবার সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের তার সরকারি বাসভবনে এক প্রেস ব্রিফিংয়ে এ তথ্য জানান।

তিনি বলেন, কোভিড-১৯ সংক্রমণ উদ্বেগজনক হারে বাড়তে থাকায় আগামী সোমবার ৫ এপ্রিল থেকে সারাদেশ এক সপ্তাহের জন্য লকডাউন ঘোষণা করতে যাচ্ছে সরকার।

করোনায় আক্রান্ত স্বাস্থ্য সচিব হাসপাতালে

কোভিড-১৯ এ আক্রান্ত হয়েছেন স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের সেবা বিভাগের সচিব মো. আব্দুল মান্নান। শুক্রবার তাকে রাজধানীর শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার হাসপাতালে ভর্তি করা হয়েছে। স্বাস্থ্য মন্ত্রণালয় সূত্র এ তথ্য নিশ্চিত করেছে।

গত বছরের ৪ জুন স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের সেবা বিভাগের সচিব হিসেবে দায়িত্ব পান মো. আব্দুল মান্নান।

এর আগে বাংলাদেশে আশ্রয় নেওয়া ১০ লাখ রোহিঙ্গার সার্বিক কার্যক্রম তদারকি ও পররাষ্ট্র মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে গঠিত জয়েন্ট ওয়ার্কিং গ্রুপের ডেপুটি টিম লিডার হিসেবে দায়িত্ব পালন করেছেন তিনি।

তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগ থেকে স্নাতক ও স্নাতকোত্তর সম্পন্ন করেন।

দেশের করোনার রেকর্ড সংক্রমণ, প্রাণহানি ৫০

দেশে গত ২৪ ঘণ্টায় রেকর্ডসংখ্যক মানুষ প্রাণঘাতী করোনায় আক্রান্ত হয়েছেন। স্বাস্থ্য অধিদফতরের শুক্রবারের প্রেসবিজ্ঞপ্তিতে বলা হয়েছে, আজ ছয় হাজার ৮৩০ জনের কোভিড-১৯ রোগে পজিটিভ এসেছে।

এ সময়ে অর্ধশত রোগীর মৃত্যু হয়েছে বলে স্বাস্থ্য অধিদফতর জানিয়েছে।